সমকাল

তারিখ ...-5 JUN 2017...
পৃষ্ঠা ...কলাম...

# অনৈতিক কাজ করে কেউ রেহাই পাবে না

— শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কিছু অসৎ শিক্ষকের কারণে সার্বিকভাবে শিক্ষকদের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এ মহৎ পেশায় সেসব অসৎ শিক্ষকের থাকার কোনো অধিকার নেই। অনৈতিক কাজ করে কেউ রেহাই পাবে না। গতকাল রোববার রাজধানীর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) অডিটোরিয়ামে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের অঙ্গীকার বিষয়ক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এ অনুষ্ঠানের আয়োজন করে।

মন্ত্রী বলেন, 'একটি দুর্নীতিমুক্ত, ন্যায়ভিত্তিক ও শুদ্ধাচারী সমাজ গঠনের লক্ষ্যে সবাইকে আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে। উন্নতির ভাগ যাতে সব মানুষ সমানভাবে পায়, সেজন্য সবাইকে সততার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। সমান অধিকার, মর্যাদা ও সুযোগ নিশ্চিত করতে শুদ্ধাচারের বিকল্প নেই। জাতীয় লক্ষ্য অর্জনে জ্ঞান-প্রযুক্তি-দক্ষতা অর্জন এবং তার বাস্তব প্রয়োগ অপরিহার্য। একই সঙ্গে সততা, নৈতিক মূল্যবোধ, ■ পৃষ্ঠা ১৭ : কলাম ২

## অনৈতিক কাজ করে কেউ

[১৯ পৃষ্ঠার পর]

আইন ও বিধি-বিধান মেনে চলা এবং জনগণের প্রতি দায়বদ্ধতা অনেক বেশি
গুরুত্বপূর্ণ। শুদ্ধাচারের প্রয়োগের মাধ্যমেই আইনের শাসন প্রতিষ্ঠা সম্ভব উল্লেখ
করে তিনি আরও বলেন, 'নতুন প্রজন্মকে সততা, নিষ্ঠা, দায়বদ্ধতা, নৈতিক
মূল্যবোধ ও দেশপ্রেমে উজ্জীবিত করে জাতীয় লক্ষ্য অর্জনে তাদের প্রস্তুত করে
তুলতে হবে। এজন্য শিক্ষক সমাজের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ।' তিনি বলেন,
'ভিশন-২০২১ এবং মুক্তিযুদ্ধের লক্ষ্য, আদর্শ ও চেতনা বাস্তবায়নে নতুন প্রজন্মকে
উন্নত আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তুলতে বিশ্বমানের শিক্ষা-
জ্ঞান-প্রযুক্তি-দক্ষতা দিয়ে তাদের প্রস্তুত করতে আমরা প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।
একই সঙ্গে তাদের সততা, নৈতিক মূল্যবোধসম্পন্ন, জনগণের প্রতি দায়বদ্ধ এবং
দেশপ্রেমে উজ্জীবিত পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তুলতে চাই।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীরের
সভাপতিত্বে কর্মশালায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব
মো. সোহরাব হোসাইন, মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এন
এম জিয়াউল আলম, কারিগরি ও মাদ্রাসা বিভাগের অতিরিক্ত সচিব এফ এম
এনামুল হক বক্তব্য রাখেন। শুদ্ধাচার বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কারিগরি
শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস।

অনুষ্ঠানে দেশের সকল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল
অ্যান্ড কলেজের অধ্যক্ষরা এবং অধিদপ্তর ও বিভাগের কর্মকর্তারা অংশগ্রহণ
করেন। অনুষ্ঠানে উপস্থিত কর্মকর্তাদের শুদ্ধাচার বাস্তবায়ন শপথ পাঠ করান
শিক্ষামন্ত্রী।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এস.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর